



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়: কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগে একটি স্থায়ী শূন্য সহকারী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্ত নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।
বেতন স্কেল: সহকারী অধ্যাপক: ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা: প্রার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ বা সমমানের ফলাফলসহ স্বীকৃতমানের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীতে প্রথম শ্রেণি/সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সমমানের ফলাফল থাকতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে ০৩ (তিন) বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ০৩ (তিন) টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে। পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের বরাবর পৌঁছাতে হইবে। প্রত্যেক কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব স্ব প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ : ১০/১০/২০২১।

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগে ০২ (দুই) টি স্থায়ী শূন্য প্রভাষকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্ত নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।
বেতন স্কেলঃ ২২,০০০-৫৩,০৬০/-টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

প্রভাষক পদের যোগ্যতাঃ প্রার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ বা সমমানের ফলাফলসহ স্বীকৃতমানের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীতে প্রথম শ্রেণি/সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সমমানের ফলাফল থাকতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের বরাবর পৌঁছাতে হইবে। প্রত্যেক কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব স্ব প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ : ১০/১০/২০২১।